

## UNIT 8

## Words

## LESSON 1

## Content Words

আমরা আগে দেখেছি, Sentence গঠিত হয় words দিয়ে। নিচের Sentence টি দেখুন :

**A** The boys and girls are playing in the field.

এই Sentence এ ৯টি words আছে। এর মধ্যে ৪টি words এর নিচে দাগ দেওয়া হয়েছে। যেমন, boys, girls, playing, field। এই শব্দগুলির নিজস্ব অর্থ আছে এবং সেই অর্থই **sentence** এ প্রকাশ পেয়েছে। এ ধরনের words কে বলে **content words**।

ইংরেজি ভাষায় content words সংখ্যায় প্রচুর। ভাষায় ব্যবহার অনুযায়ী এদের ৪ ভাগে ভাগ করা যায়। যেমন,

<i>Content words</i>	<i>Examples</i>
Nouns	Kamal, Bangladesh, cow, honesty
Verbs (Auxiliary verbs ব্যতীত)	Come, go, walk, swim
Adjectives	Happy, bad, wonderful, tall
Adverbs	fast, soon, quickly

**B** Content words এর বিভিন্ন forms বা রূপ আছে। যেমন,

Noun	: man, men, man's, men's
Verb	: go, goes, going, went, gone
Adjective	: happy, happier, happiest
Adverb	: fast, faster, fastest

**C** নিচের Sentence গুলির content words এর নিচে দাগ দিন। একটি করে দেওয়া হয়েছে।

- 1 Jahid is a healthy boy.
- 2 Mr Ali and Kamal are going to the Eidgah.
- 3 The train is leaving the platform.
- 4 Look at the picture.
- 5 The lion is the king of animals.
- 6 The students cleaned the campus.
- 7 The plants were growing well.
- 8 Shahana has made a cardigan.
- 9 Mrs Amin told her class a story.
- 10 Aesop is famous for his stories.
- 11 Soon the caretaker brought some mangoes.

### Structure Words

**A** ১ নং lesson এ আমরা দেখেছি যে কোন Sentence এর অর্থবহ words কে বলা হয় content words। কিন্তু সাধারণত একটি sentence এ content words ছাড়াও আরও শব্দ থাকে। তাদের নিজস্ব বিশেষ কোনো অর্থ নেই, কিন্তু তাদের প্রয়োজন হয় ইংরেজি ভাষায় বাক্য কাঠামো বা grammatical structure ঠিক রাখার জন্য। এদের বলা হয় structure words. Lesson 1 এ ব্যবহৃত sentence টি আমরা পুনরায় দেখি।

The boys and girls are playing in the field.

আমরা আগেই দেখেছি boys, girls, playing, field এই চারটি শব্দ হচ্ছে content words. কিন্তু এই চারটি শব্দ দিয়েই sentence টি গঠন করা হয়নি। এজন্য আরও ৫টি শব্দ প্রয়োজন হয়েছে। যেমন, The, and, are, in, the। এই ধরনের শব্দকে বলা হয় structure words।

**B** ইংরেজি ভাষায় structure words সংখ্যায় খুব বেশি নয়, কিন্তু তারা বহুল ব্যবহৃত। ইংরেজিতে লেখা যে কোনো একটি পৃষ্ঠা পরীক্ষা করলেই এটা বোঝা যায়। ব্যবহারের দিক থেকেও structure words বিভিন্ন ধরনের হয়। অপর পৃষ্ঠায় কিছু structure words এর উদাহরণ দেওয়া হল।

Prepositions	to, of, in, on, into, at, over, etc.
Conjunctions	and, but, or, because etc.
Interjections	ah, oh, alas, etc.
Determiners	the, a, an
	this, that, these, those
	my, our, your, his, her, its, their
	one, two, three, etc.
	all, few, some, several, many, any, every, each, both, either, neither, no, much etc.
	more, most, little, etc.
Question words	who, what, which, where, when etc.
Auxiliary verbs	am, is, are, was, were, will, shall, have, has, had, etc.
Intensifiers	very, too, awfully, quite, etc.
Personal Pronouns	I, we, you, he, she, it, they
Relative Pronouns	who, which, what, that, etc.
Introductory	'There' and 'It'.

**e** সাধারণত Sentence এ ব্যবহার করার সময় structure words রূপ পরিবর্তন করে না। কেবলমাত্র personal pronouns রূপ পরিবর্তন করতে পারে। সেজন্য কেউ কেউ personal pronoun কে content words হিসাবে বিবেচনা করেন। কিন্তু যেহেতু personal pronouns এর নিজস্ব অর্থ নেই (এদের অর্থ আসে যে noun এর পরিবর্তে তারা বসে তা থেকে), আমরা personal pronoun কে structure words হিসাবে বিবেচনা করব।

**D** নিচের Sentence গুলির structure words এর নিচে দাগ দিন। কয়েকটি করে দেওয়া হয়েছে।

- 1 This is Jahid.
- 2 You are healthy and happy.
- 3 I do not like milk and vegetables.
- 4 The man was very afraid.
- 5 He worked hard and earned money.
- 6 It is time to go home now.
- 7 There are many books on the table.
- 8 Which do you want?
- 9 Most people in this country work on land.
- 10 A farmer's work is very important.
- 11 They grow paddy and wheat.
- 12 Many people are sickly and unhappy.

**E** আমরা ইংরেজি ভাষার সকল শব্দকে content words এবং structure words এই দুই ভাগে বিভক্ত করেছি। Traditional বা প্রচলিত grammarএ এসব words কে আট শ্রেণিতে ভাগ করা হয়। এই শ্রেণিগুলিকে বলা হয় Parts of Speech। এগুলো হল : Nouns, Pronouns, Verbs, Adjectives, Adverbs, Prepositions, Conjunctions, Interjections. এদের মধ্যে content words হচ্ছে Nouns, Verbs (auxiliary verb বাদে) adjectives এবং adverbs. বাকীগুলি অর্থাৎ Pronouns, Prepositions, Conjunctions and Interjections হচ্ছে structure words. পরবর্তীতে আমরা এদের সম্পর্কে বিশদ আলোচনা করব।

**A N S W E R   K E Y**

---

*Lesson 1*

- C*
- 2 Mr Ali, Kamal, going, Eidgah
  - 3 train, leaving, platform
  - 4 Look, picture
  - 5 lion, king, animals
  - 6 students, cleaned, campus
  - 7 plants, growing, well
  - 8 Shahana, made, cardigan
  - 9 Mrs Amin, told, class, story
  - 10 Aesop, famous, stories
  - 11 Soon, caretaker, brought, mangoes

*Lesson 2*

- D*
- 3 I, do, not, and
  - 4 The, was, very
  - 5 He, and
  - 6 It, is, to
  - 7 There, are, many, on, the
  - 8 Which, do, you
  - 9 Most, in, this, on
  - 10 A, is, very
  - 11 They, and
  - 12 Many, are, and